১৭

নেপ গবেষণা নির্দেশিকা ২০২৩

১. প্রারম্ভিক

১.১ ভূমিকা

জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি (নেপ)-এর অন্যতম কাজ প্রাথমিক শিক্ষার মানোন্নয়নে গবেষণা পরিচালনা করা। ১৯৭৮ সালে প্রতিষ্ঠার পর থেকেই নেপ প্রাথমিক শিক্ষার বিভিন্ন সমস্যা ও সম্ভাবনা নিয়ে প্রতি বছর একাধিক গবেষণা পরিচালনা করে আসছে। অক্টোবর ২০০৪ সালে নেপ সংবিধিবদ্ধ সংস্থা হিসেবে আত্মপ্রকাশ করার পরও এ ধারা অব্যাহত রয়েছে। নেপ এককভাবে এবং অন্যান্য দেশি/বিদেশি সংস্থার সঙ্গে যৌথভাবে গবেষণা কার্যক্রম পরিচালনা করে থাকে। তাছাড়া প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় এবং প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের নির্দেশনার পরিপ্রেক্ষিতেও নেপ বিভিন্ন গবেষণা পরিচালনা করে। এই সকল গবেষণা কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য "নেপ গবেষণা নির্দেশিকা ২০২৩" প্রণয়ন করা হয়েছে।

১.২ সংজ্ঞা

বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোন কিছু না থাকলে, এই নির্দেশিকায়-

(ক) "গবেষণা কমিটি" অর্থ নেপের গবেষণা কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য গঠিত কমিটি;

(খ) "এনসিটিবি" অর্থ জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড;

(গ) "একাডেমি" অর্থ জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি;

(ঘ) "গবেষক" অর্থ এই নির্দেশিকার ৩.১ এ বর্ণিত যোগ্যতাসম্পন্ন একাডেমির অনুষদ সদস্য;

(ঙ) "প্রধান গবেষক" অর্থ গবেষণা-দলের সদস্যগণের মধ্যে অধিক অভিজ্ঞতাসম্পন্ন নেপের গবেষক;

(চ) "প্রথিতযশা গবেষক" অর্থ শিক্ষা বিষয়ক গবেষণায় নূন্যতম ১০ বছরের অভিজ্ঞতাসম্পন্ন কোন সনামধন্য বিশ্ববিদ্যালয়ের শিক্ষক বা একই যোগ্যতার প্রাথমিক শিক্ষা সংশ্লিষ্ট ব্যক্তি।

১.৩ গবেষণা নির্দেশিকার উদ্দেশ্য

ক) নেপ অনুষদ সদস্যসহ প্রাথমিক শিক্ষায় সম্পৃক্ত কর্মকর্তা ও শিক্ষকগণের পেশাদারিত্ব উন্নয়নে গবেষণা কার্যক্রমে অংশগ্রহণে উৎসাহিত করা এবং প্রাথমিক শিক্ষার মানোন্নয়নে গবেষণার ভিত্তিতে সিদ্ধান্ত গ্রহণে নীতি নির্ধারণী মহলকে সহায়তা করা;

খ) প্রাথমিক শিক্ষার মানোন্নয়নে গবেষণা চাহিদা নিরূপণ করা এবং গবেষণা পরিচালনা করা;

গ) প্রাথমিক শিক্ষার বিভিন্ন উন্নয়ন পরিকল্পনা, প্রকল্প, কর্মসূচি এবং পরিকল্পনা বাস্তবায়ন সম্পর্কিত গবেষণা পরিচালনা করা;

ঘ) নেপ কর্তৃক পরিচালিত প্রশিক্ষণ কার্যক্রমের গুণগতমান উন্নয়নে গবেষণা করা;

ঙ) প্রাথমিক বিদ্যালয়ের শিখন-শেখানো কার্যক্রমের মানোন্নয়নে গবেষণাভিত্তিক সহায়তা প্রদান করা;

চ) পিটিআইসমূহের কার্যক্রমের গতিশীলতা ও স্বচ্ছতা আনয়নে নতুন নতুন চাহিদা ও যুগোপযোগিতা নিরূপণ এবং প্রশিক্ষণ বাস্তবায়ন পরবর্তী প্রভাব নিরূপন পদ্ধতি ও প্রক্রিয়া উদ্ভাবন করা;

ছ) প্রাথমিক শিক্ষায় পরিচালিত বিভিন্ন ধরনের প্রশিক্ষণ কার্যক্রমের উপযোগিতা যাচাই ও মানোন্নয়নে সহায়তা করা;

জ) প্রাথমিক শিক্ষার উন্নয়নের লক্ষ্যে নীতি, পরিকল্পনা ও কার্যক্রম গ্রহণে গবেষণা পরিচালনা করা;

ঝ) গবেষণালব্ধ ফলাফল বিস্তরণে কর্মশালা, সেমিনার এবং কনফারেন্স আয়োজন করা;

ঞ) নেপ কর্তৃক পরিচালিত সকল প্রকার গবেষণায় জাতীয় ও আন্তর্জাতিক মান বজায় রাখা;

ট) জাতীয়/আন্তর্জাতিক/বেসরকারী সংস্থার সাথে যৌথ উদ্যোগে গবেষণা পরিচালনা;

ঠ) জাতীয়/আন্তর্জাতিক সংস্থার অনুরোধ এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশনায় গবেষণা পরিচালনা করা।

মোঃ শাহ আলম
অতিরিক্ত সচিব
মহাপরিচালক
জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি (নেপ)
ময়মনসিংহ।

২৭/০৮/২৩
ড. বিলকিস বেগম
উপসচিব
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

২. গবেষণা কার্যক্রমের ব্যবস্থাপনা

২.১ গবেষণা কমিটির কাঠামো

নেপের গবেষণা কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য একটি গবেষণা কমিটি থাকবে। এই কমিটি নিম্নরূপ সদস্য নিয়ে গঠিত হবে:

১। মহাপরিচালক, জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি (নেপ)	সভাপতি
২। যুগ্মসচিব (বিদ্যালয়), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা	সদস্য
৩। পরিচালক, জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি (নেপ)	সদস্য
৪। সদস্য, প্রাথমিক শিক্ষাক্রম, এনসিটিবি, ঢাকা	সদস্য
৫। জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি (নেপ)-এর ৬টি অনুষদের প্রধান (৬ জন)	সদস্য
৬। উপপরিচালক (প্রশাসন), জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি (নেপ)	সদস্য
৭। উপপরিচালক (মূল্যায়ন), জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি (নেপ)	সদস্য
৮। উপপরিচালক (শিক্ষাক্রম ও গবেষণা), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর, ঢাকা।	সদস্য
৯। গবেষণা ও শিক্ষাক্রম উন্নয়ন অনুষদের সদস্য ২ (দুই) জন, মহাপরিচালক, নেপ কর্তৃক মনোনীত	সদস্য
১০। নেপ বহির্ভূত (আইইআর, আইইডি) শিক্ষা গবেষক ২ (দুই) জন, মহাপরিচালক, (নেপ) কর্তৃক মনোনীত	সদস্য
১১। অনুষদ প্রধান, গবেষণা ও শিক্ষাক্রম উন্নয়ন অনুষদ, নেপ	সদস্য সচিব

২.২ গবেষণা কমিটির কার্যপরিধি

গবেষণা কমিটির কার্যপরিধি নিম্নরূপ:

ক) গবেষণা প্রস্তাবনাসমূহ (বাজেটসহ) পর্যালোচনা ও অনুমোদন করা;

খ) গবেষণা প্রতিবেদন চূড়ান্তকরণে পরামর্শ প্রদান করা;

গ) গবেষণা কার্যক্রম বাস্তবায়নের জন্য প্রয়োজনে বিভিন্ন উপকমিটি গঠন করা;

ঘ) গবেষণা কার্যক্রমে গবেষণা ও শিক্ষাক্রম উন্নয়ন অনুষদকে সহায়তা করা।

২.৩ গবেষণা ও শিক্ষাক্রম উন্নয়ন অনুষদের কার্যপরিধি

ক) গবেষকদের নিকট হতে গবেষণা প্রস্তাবনা আহ্বান এবং নির্দিষ্ট সময়ের মধ্যে সংগ্রহ করা;

খ) নির্দিষ্ট সময়ের মধ্যে গবেষণা প্রস্তাবনাসমূহ পর্যালোচনা করে প্রাথমিকভাবে নির্বাচন করা;

গ) গবেষণা প্রস্তাবনাসমূহ চূড়ান্ত অনুমোদনের জন্য গবেষণা কমিটিতে উপস্থাপন করা;

ঘ) অনুমোদিত গবেষণাসমূহের কার্যক্রম তত্ত্বাবধান ও সমন্বয় সাধন করা।

২.৪ গবেষণা কার্যক্রমের ধরণ

সংশ্লিষ্ট বাজেটের পরিধি অনুসারে তিন ধরণের গবেষণা কার্যক্রম পরিচালিত হবে:

ক) ক্ষুদ্র গবেষণা: অনূর্ধ্ব ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকা বাজেট সম্পন্ন গবেষণা;

খ) মধ্যম গবেষণা: ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকার উর্ধ্বে এবং ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা পর্যন্ত বাজেট সম্পন্ন গবেষণা;

গ) বৃহৎ গবেষণা: ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার উর্ধ্বে বাজেট সম্পন্ন গবেষণা;

ঘ) নেপ বোর্ড অব গভর্ণরস এর অনুমোদন সাপেক্ষে মহাপরিচালক গবেষণা কার্যক্রমের আর্থিক পরিধি চাহিদার পরিপ্রেক্ষিতে পুনঃনির্ধারণ করতে পারবেন।

২.৫ গবেষণা কার্যক্রম মূল্যায়ন

গবেষণা কমিটি গবেষণা কার্যক্রম মূল্যায়নের জন্য একজন প্রথিতযশা গবেষক (নেপ বহির্ভূত) ও গবেষণায় অভিজ্ঞতা সম্পন্ন নেপের ২ (দুই) জন অনুষদ সদস্য নিয়োগ করবেন। উক্ত মূল্যায়নকারীগণ গবেষণা প্রস্তাবে বর্ণিত উদ্দেশ্য ও পরিধির আলোকে গবেষণার বিভিন্ন কার্যক্রম মূল্যায়ন করবেন। তবে মূল্যায়ন কমিটিতে সংশ্লিষ্ট গবেষণা দলের কোনো সদস্য অন্তর্ভুক্ত হবেন না।

২৭/০৮/২০
ড. বিলকিস বেগম
উপসচিব
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মোঃ শাহ আলম
অতিরিক্ত সচিব
মহাপরিচালক
জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি (নেপ)
ময়মনসিংহ।